

দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির “৪৬তম বার্ষিক সাধারণ সভা-২০১৮” এর বার্ষিক প্রতিবেদন মুদ্রণের জন্য সোসাইটির তালিকাভুক্ত মুদ্রণ প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে দরপত্র আহবান করা যাচ্ছে।

১. নিম্নে প্রদত্ত নমুনা অনুযায়ী সোসাইটির “৪৬তম বার্ষিক সাধারণ সভা-২০১৮” এর বার্ষিক প্রতিবেদন (জুস বাধাইসহ) ৭০০ (সাতশত) টি বাংলা ইংরেজি সংমিশ্রণে বই আকারে মুদ্রণ করতে হবে।
২. ১২০ গ্রাম ম্যাট পেপারে, ৭ X ৯.৫০ সাইজে আনুমানিক ২৫ ফর্মা (±) ৪রং টেকস্ট ও রঙ্গীন ছবিসহ মুদ্রণ। ৩০০ গ্রাম আর্ট কার্ডে ৪ রং কভার + ইনার কভার মুদ্রণ। ডিজাইন, সিস্টেম ওয়ার্ক, প্লেট মেকিং। কভারে একদিকে ম্যাট ও স্পট লেমিনেশন, জুস সেলাইসহ অটো গ্লু বাঁধাই, কাটিং, প্যাকিং ও ডেলিভারীসহ।
৩. বইয়ের প্রতিটি পৃষ্ঠায় ক্রমিক নম্বর থাকতে হবে।
৪. বইয়ের ডিজাইন, রং ও সাইজ ক্রমিক ২ এর নমুনা অনুযায়ী হতে হবে।
৫. ডিজাইন মোতাবেক কম্পোজকৃত খসড়া বই সংশোধনের জন্য একাধিকবার সরবরাহ করতে হবে।
৬. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান নিজ উদ্যোগে মুদ্রণের প্রুফ রাইটিং করবেন।
৭. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান ইউনিট এ্যাফেয়ার্স বিভাগে স্বশরীরে উপস্থিত থেকে বার্ষিক প্রতিবেদন বইটির ডিজাইন ও মুদ্রণের কাজ সম্পন্ন করবেন।
৮. উপরে উল্লেখিত বিবরণ অনুযায়ী অগ্রহী দরদাতাগণ দরপত্র ইউনিট এ্যাফেয়ার্স বিভাগে অফিস চলাকালিন সময়ের ভিতর জমা দিবেন।
৯. মুদ্রিত কার্যবিবরণী সরবরাহের পর দরপত্রে দাখিলকৃত দর অনুযায়ী বিল দাখিল সাপেক্ষে সোসাইটির অর্থ বিভাগ কর্তৃক সরকারী বিধি মোতাবেক ভ্যাট/কর কর্তন পূর্বক বিল পরিশোধ করা হবে। দরপত্রের সাথে দাখিলকৃত দরের ৩% হারে টাকা আর্নেস্ট মানি হিসেবে “বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি”র অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।
১০. দরদাতাগণ নিজস্ব প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে দর উদ্ধৃত পূর্বক আগামী ২২/১০/২০১৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দফতরে সীলগালাকৃত খামে জমা প্রদান করতে পারবেন এবং একই দিনে দুপুর ১২:০০ টার সময় দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
১১. কার্যাদেশ প্রাপ্তির পর “৪৬তম বার্ষিক সাধারণ সভা-২০১৮” এর বার্ষিক প্রতিবেদন বই বাঁধাইযুক্ত অবস্থায় আগামী ৩০ নভেম্বর ২০১৮ তারিখে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে ইউনিট এ্যাফেয়ার্স বিভাগে বর্ণিত ৭০০ কপি বই সরবরাহ করতে হবে।
১২. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


ভারপ্রাপ্ত মহাসচিব

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি

অনুলিপি :

১. মহাসচিব, বিডিআরসিএস, ঢাকা।
২. উপ-মহাসচিব, বিডিআরসিএস, ঢাকা।
৩. পরিচালক, লজিস্টিক- বিডিআরসিএস, ঢাকা (দরপত্রটি বিডিআরসিএস এর তালিকাভুক্ত ঠিকাদারগণকে প্রেরণসহ দর সংগ্রহের জন্য অনুরোধ করা হলো)।
৪. পরিচালক, আইআর- বিডিআরসিএস, ঢাকা (দরপত্রটি বিডিআরসিএস ওয়েব সাইটে প্রদর্শনের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫. পরিচালক ইনচার্জ, অর্থ- বিডিআরসিএস, ঢাকা।
৬. পিএস টু চেয়ারম্যান, বিডিআরসিএস, ঢাকা।
৭. পিএস টু ভাইস চেয়ারম্যান ও ট্রেজারার, বিডিআরসিএস, ঢাকা।
৮. সদস্য, মুদ্রণ কমিটি বিডিআরসিএস, ঢাকা।
৯. নোটিশ বোর্ড।
১০. সংশ্লিষ্ট নথি।